

## সুতি আহমেদ সাবের

সুতিগুলো ধুলি হয়ে জমে যায় পরতে পরতে,  
কালস্নোতে জমে উঠা সামগ্ৰীৰ মতো -  
হারানো গল্পেৰ বই, বিবৰ্ণ খেলনা,  
দাদার আমল থেকে ফেলে রাখা তোৱঙ্গ তোষক,  
পরিত্যাক্ত হাঁড়িকুড়ি, কাপড়েৰ স্তুপ -  
জমে, জমে, জমে.....।  
ওন্তাদি ম্যাজিক বলে চলে যায় চোখেৰ আড়ালে ।  
হারায়না তবে - ঠিক ওৎ পেতে থাকে ।  
কখন সুযোগ পেলে লাফ মেৰে উঠে যাবে চক্ষেৰ গোলকে ।

সুখ জমে, দুঃখ জমে, হৃদয়েৰ গভীৰ গহনে ।  
অথবা জমতে থাকে মন্তিক্ষেৱ অন্ধকাৱ কোষে ।

এমনওকি কৱা যাতে, শুধু সুখ জমা হবে ।  
দুঃখেৱা হারাবে যেন শৱতেৱ মেঘেৱ মতন,  
অথবা স্নোতেৱ মত - হাতে নিয়ে এক মুখো যাত্রার টিকেট ।  
চলে যাবে, যাবে চলে, এবং হারাবে শেষে সাগৱেৱ বিস্তৃত বিশালে ।

যেন আৱ কোন দিন ফিৰে নাহি আসে ।

*Sydney August 2, 2005*